

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট

স্মারক নং - ৩২.০১.৯১০০.০০০.১৬.০০৩.১৯- ৪৬৫

তারিখ: ০৩/০৮/২০২৩

বিষয় : মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের ভাতাভোগী নির্বাচন প্রসঙ্গে।

সূত্র : ৩২.০১.০০০০.০১২.০২০.৬৮.২০-২৯১ তারিখ : ০১/০৮/২০২৩ খ্রি:'

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের জুলাই/২০২৩ হতে প্রতি মাসে (প্রতি ইউনিয়নে ৬জন করে) বরাদ্দ অনুযায়ী সিলেট সদর উপজেলার ইউনিয়নসমূহে ভাতাভোগী নির্বাচনের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা অনুযায়ী প্রতি ইউনিয়নে নীতিমালার শর্তপূরণ সাপেক্ষে গর্ভবতী মহিলা নিজে ইউনিয়নে ডিজিটাল সেন্টারে নির্ধারিত ৪০/- টাকা ফি প্রদানের বিনিময়ে অথবা তথ্য আপা/তথ্যসেবা সহকারীর নিকট বিনামূল্যে আবেদন করতে পারবেন। আবেদন করার সময় আবেদনকারীর ০৪-০৬ মাসের গর্ভাবস্থায় থাকবেন। সেই মোতাবেক প্রত্যেক ইউনিয়নের জুলাই/২০২২ থেকে আগস্ট/২০২৩ মাস পর্যন্ত প্রত্যেক মাসের বরাদ্দ অনুযায়ী নীতিমালা অনুসরণ পূর্বক দুস্থ: গর্ভবতী মহিলাদের ডাটা এন্ট্রি মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েবসাইট <http://dwamcbp.gov.bd/mcbp/login> এ অনলাইনে আগামী ২০/০৮/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে এবং ভাতাভোগীদের তালিকা ও সংশ্লিষ্ট কাগজপত্র ২১/০৮/২০২৩ তারিখে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। অনলাইনে ডাটা এন্ট্রি করার সময় মহিলাদের নামে ব্যাংক হিসাব নম্বর অবশ্যই দিতে হবে।

উল্লেখ্য যে, সেপ্টেম্বর/২০২৩ থেকে জুন/২০২৪ পর্যন্ত ধারাবাহিকভাবে উপকারভোগীদের ডাটা এন্ট্রির কার্যক্রম প্রতিমাসের ২০ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

আবশ্যিকীয় শর্তাবলী :

- ১। মহিলার বয়স ২০-৩৫ হতে হবে এবং প্রথম অথবা দ্বিতীয় গর্ভাবস্থায় হতে হবে
- ২। জাতীয় পরিচয়পত্র থাকতে হবে
- ৩। আবেদনকারীর মাসে ৪ থেকে ৬ মাসের গর্ভাবস্থায় থাকতে হবে
- ৪। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা/ পরিবার পরিকল্পনা দপ্তর কর্তৃক এ.এন. সি কার্ড (এন্টি নেটাল কেয়ার কার্ড থাকতে হবে)
- ৫। নিজস্ব মোবাইল/ এজেন্ট/অনলাইন ব্যাংক একাউন্টসহ আবেদন করতে হবে


চেয়ারম্যান

.....ইউনিয়ন পরিষদ

সিলেট সদর, সিলেট

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট
- ৩। তথ্যসেবা কর্মকর্তা, তথ্যআপা প্রকল্প, সিলেট সদর, সিলেট।
- ৪। ইউনিয়ন উদ্যোক্তা,ইউনিয়ন পরিষদ, সিলেট সদর, সিলেট
- ৫। অফিস কপি



শামছুনার

প্রোগ্রাম অফিসার

মহিলা বিষয়ক অধিদপ্তর

সিলেট।